228933 - যে ব্যক্তি কুরআনের কিছু অংশ মুখস্থ করে ভুলে গেছে তার কী করণীয়

প্রশ্ন

যদি কোন ব্যক্তি কুরআনের মুখস্থকৃত অংশের কিছু ভুলে যায় এবং তওবা করে; তার তওবা কবুলের জন্য কি ভুলে যাওয়া অংশগুলো পুনঃপাঠ করা অপরিহার্য। যদি সেটা অপরিহার্য হয় তাহলে এখান থেকে ওখান থেকে বিক্ষিপ্তভাবে মুখস্তকৃত অংশগুলো সে ব্যক্তি কিভাবে পুনঃপাঠ করবে; যেগুলোর স্থান তার মনে নেই। তবে, যে সূরাগুলো পূর্ণাঙ্গভাবে মুখস্থ করেছে সেগুলো পুনঃপাঠের ক্ষেত্রে সমস্যা নাই। এমতাবস্থায় অনতিবিলম্বে পুনঃপাঠ করা কি তার উপর ফরজ; নাকি দীর্ঘ মেয়াদে, অবসর সময়ে পুনঃপাঠ করলেও চলবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এক:

নিঃসন্দেহে কুরআন অধ্যয়ন করা, তেলাওয়াত করা ও মুখস্থ করা উত্তম নেকীর কাজ। কুরআন ভুলে যাওয়ার আশংকা রোধ করার জন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিয়মিত কুরআন পড়ার প্রতি উদ্বুদ্ধ করেছেন। অর্থাৎ মুখস্থকৃত অংশ নিয়মিত পুনঃপাঠ করা ও বারবার তেলাওয়াত করা। অন্যদিকে কুরআন ভুলে যাওয়া গর্হিত কাজ। কারণ এতে আল্লাহর কিতাব থেকে মুখ ফিরিয়ে নেয়া ও এ কিতাবকে পরিহার করার আলামত পাওয়া যায়।

দুই:

কুরআন ভুলে যাওয়ার হুকুম কি এ ব্যাপারে আলেমগণ মতানৈক্য করেছেন: কেউ বলেন: কুরআন ভুলে যাওয়া কবিরা গুনাহ। কোন কোন মতে, গুনাহর কাজ; তবে কবিরা গুনাহর পর্যায়ে পৌঁছবে না। কারো কারো মতে, এটি এমন একটি মুসিবত যা বান্দার অন্তর ও দ্বীনদারকে আক্রান্ত করে। এর ফলে বান্দার কোন কোন আমলের উপর আল্লাহর শাস্তি নামতে পারে। যদিও এটি কবিরা গুনাহ নয় বা পাপ নয়। এ মাসয়ালায় এটি সর্বাধিক অগ্রগণ্য অভিমত।

কিন্তু, কোন হাফেযে কুরআন এর জন্য কুরআন তেলাওয়াতে গাফলতি করা কিংবা নিয়মিত তেলাওয়াতে অবহেলা করা সমীচীন হয়। বরং হাফেযে কুরআনের উচিত সওয়াবের আশা নিয়ে দৈনিক নির্দিষ্ট একটি পরিমাণ তেলাওয়াত করা; যাতে করে সে তার তেলাওয়াত ধরে রাখতে পারে, ভুলে না যায় এবং কুরআনের হুকুম-আহকাম থেকে উপকৃত হতে পারে।

তনি:

কুরআনরে কছিু অংশ ভুলে যাওয়া কুরআন পড়া ছড়েে দয়োর কারণে ঘটে থাকে। কুরআন পড়া ছড়েে দয়োর কছিু কছিু রূপ অন্য কছিু রূপরে চয়েে জঘন্য। ইবনুল কাইয়্যমে (রহঃ) 'আল-ফাওয়ায়দে' নামক গ্রন্থে (পৃষ্ঠা-৮২) বলনে: তবে কুরআন থকেে মুখ ফরিয়িে নয়ো ও কুরআনকে বাদ দয়িে অন্য কছিু নয়িে ব্যস্ত থাকার কারণে কুরআন ভুলে যাওয়া মুসবিত। সওয়াব থকেে বঞ্চতি হওয়ার সাথে সাথে এ মুসবিতরে কারণে আরও অনকে মুসবিত সৃষ্টি হয়।

যে ব্যক্তি কুরআনরে কছিু অংশ মুখস্থ করার পর ভুলে গছেে তার জন্য নম্নিোক্ত উপদশে:

- যে সূরাগুলো মুখস্থ ছলি সগেুলো পুনঃ পুনঃ পাঠ করা; যাতে দ্বতিীয়বার সগেুলোকে মজবুতভাবে মুখস্থ করে নতিে পারে।
- পুনঃপাঠ নয়িমতি অব্যাহত রাখা; যাতে পুনরায় ভুলে না যায়।
- একজন দক্ষ শাইখরে কাছে মুখস্থ ও পুনঃপাঠ চালু রাখা।
- কুরআন শরীফরে বড় বড় যসেব অংশ মুখস্থ করছেে যমেন পারা ও হযিব ইত্যাদি; সগেুলো পুনঃপাঠ করা এবং সম্পূর্ণ সূরা মুখস্থ করার চষ্টো করা। এভাবে পূর্বে মুখস্থকৃত অংশ পুনঃপাঠ করা ও মুখস্থকৃত অংশ পুনরুদ্ধার করার প্রক্রয়িা তাকে গোটা সূরাটি মুখস্থ করার প্রতি উদ্বুদ্ধ করবে।
- পক্ষান্তরে, কুরআনরে ছোট ছোট যে অংশগুলো মুখস্থ করে ভুলে গছেে যমেন- দুই আয়াত বা তনি আয়াত ইত্যাদি সগেুলো নয়িে ব্যস্ত হবে না এবং সগেুলো থকেে যা ভুলে গছেে সসেব অংশ স্মরণ করার কষ্ট করা দরকার নইে।

যমেনটি ইতপিূর্বে উল্লখে করছেি তার উচতি সূরা ও বড় বড় অংশগুলো মুখস্থকরণে সচষ্টে হওয়া। ছোট ছোট যে অংশগুলো মুখস্থ করছেে এবং কছিু কছিু ভুলে গছেে সগেুলো স্মরণ করতে না পারার কারণে সে ব্যক্তি গুনাহগার হবে না। ব্যক্তি নজিে নজিরে অবস্থা বুঝার চষ্টো করবে। যদি কোন পাপরে কারণ হয় তাহলে সে ব্যক্তি আল্লাহর কাছে ইস্তগিফার করবে ও তওবা করবে। আর যদি অবহলো, আখরোতরে প্রতি বমিুখতা ও দুনয়িা নয়িে ব্যস্ত হয়ে পড়ার কারণে তাহলে সে ব্যক্তি আখরোত অভমিুখী হবে। কনেনা আখরোতই হল- উত্তম ও স্থায়ী।

এরপর বলব, সে ব্যক্তরি উচতি অনতবিলিম্বে ভুলে যাওয়া অংশগুলো পুনরায় মুখস্থ করে নয়ো। উৎসাহ নয়িে চষ্টো করলে হম্মিত পাবে; আর বলিম্ব করলে ও ঢলিমেি দলিে জড়তায় পাবে।

ইবনুল মুবারক (রহঃ) আল-যুহদ নামক গ্রন্থে (১/৪৬৯) ইবনে মাসউদ (রাঃ) থকেে বর্ণনা করনে যে, তনিি বলনে: "এ অন্তরগুলোর স্পৃহা ও চঞ্চলতা আছে। আবার জড়তা ও পছিুটান আছে। সুতরাং স্পৃহা ও চাঞ্চলতার সময় অন্তরগুলোকে কাজে লাগাও এবং জড়তা ও পছিুটানরে সময় ছাড় দাও।"।

কোন সন্দেহ নেই যে ব্যক্তি কুরআনকে হারিয়ে ও ভুলে গিয়ে নিজের দুর্বলতা ও অপরাধবোধ অনুভব করছে এবং কিভাবে পুনরায় মুখস্থ করা যায় সে বিষয়ে জানতে চাচ্ছে এটি তার অন্তরের গাফলতি থেকে জেগে উঠার আলামত। এই যার অবস্থা তার উচিত অনতিবিলম্বে পুনরায় মুখস্থ করার জন্য উদ্যোগী হওয়া; দেরী না করা। এ ক্ষেত্রে সে যদি তার প্রচুর ব্যস্ততা, দায়দায়িত্ব ও পরিবারকে সময় দেয়ার কারণে শুধু অবসর সময় ছাড়া অন্য কোন সময় পুনঃপাঠ করার সুযোগ না পায় তাতেও কোন অসুবিধা নেই।

আল্লাহই ভাল জানেন।